

সিনিফ
ইনকিলাব

তারিখ 28 SEP 2005

পৃষ্ঠা - ৭

বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অবসর ভাতা প্রাপ্তি প্রসঙ্গে

বেসরকারী শিক্ষক-কর্মচারীগণ দীর্ঘদিন থেকে জাতীয় বেতন স্কেল অনুসারে ৯০% বেতন ও ভাতা পাচ্ছেন। এজন্য আমরা সরকারের নিকট চিরকৃতজ্ঞ। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের ক্ষেত্রে জোগাড়ি রোধকল্পে শিক্ষা ব্যাংক প্রতিষ্ঠার পরিকল্পনা নিঃসন্দেহে মহৎ উদ্যোগ। দেশের প্রচলিত চাকরিবিধি অনুযায়ী ৫৭ বছর বয়স হলে কিংবা ২৫ বছর একাধিকমে চাকরি করলে অবসর গ্রহণ করা যায়। অবসরভাতা হিসাবে ৭৫ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পাবেন। সরকারী কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কেউ যদি অবসর গ্রহণের পূর্বে মারা যান তাহলে তিনি এ অকাল মৃত্যুজনিত কারণে সরকারীভাবে মানসম্মত একটা ভাতা পান। এ ক্ষেত্রে বেসরকারী শিক্ষক-কর্মচারীগণ একেবারে বঞ্চিত হতে পারেন না। দুরারোগ্য ব্যাধি কিংবা অন্য কোন বিপদে পড়ে যদি (সম্মত কারণে) চাকরি থেকে অব্যাহতি দেয়া হয় তাহলে তিনি সরকারের পক্ষ থেকে কি পরিমাণ ভাতা পাবেন তার একটা নীতি প্রণয়ন করা প্রয়োজন।

প্রতি মাসে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা থেকে একটা নির্দিষ্ট পরিমাণ টাকা অবসর ভাতা, কল্যাণ ট্রাস্ট প্রভৃতি ফাণ্ডে নিয়মিত জমা হয়। এ নিয়ম-চলতে থাকলে প্রস্তাবিত খাতে অর্থ প্রদান করলে মূলত কোন সমস্যা হওয়ার কথা নয়। একই সাথে কয়েক মাস পূর্বে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীদের বকেয়াসহ বেতন পরিশোধ, শূন্য কিংবা স্ট্র পদে লোক নিয়োগ করে বেকার সমস্যা নিরসনে জরুরী ব্যবস্থা গ্রহণসহ অবসরভাতা সংক্রান্ত উল্লেখিত বিষয়গুলো সময় বিবেচনার জন্য সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি কামনা করি।

-মোঃ মাহবুবুর রহমান
রাজামেহার, দেবিদ্যার, কুমিল্লা